সংবাদ

তারিখ 05 MAR 2012
পৃঃ ১৬ কলাম ৩

## নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় —
# চলমান পরিস্থিতি সম্পর্কে ইউজিসির গণবিজ্ঞপ্তি

<u>নিজস্ব বার্তা পরিবেশক</u>

দেশের অন্যতম শীর্ষস্থানীয় বেসরকারি উচ্চশিক্ষা প্রতিষ্ঠান নর্থ সাউথ ইউনিভার্সিটির অনিয়ম, দুর্নীতি ও স্বেচ্ছাচারিতার বিরুদ্ধে কঠোর অবস্থান নিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। কর্তৃপক্ষের দুর্নীতি ও অনিয়মের বিষয়ে তথ্য প্রদানে সহযোগিতা করতে সংশ্লিষ্টদের উদ্দেশে গণবিজ্ঞপ্তি প্রকাশ করেছে ইউজিসি। গতকাল এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিরুদ্ধে আনীত বিভিন্ন অনিয়ম, দুর্নীতি ও অভিযোগ সম্পর্কিত বিষয়ে তদন্তপূর্বক মতামত বা সুপারিশ প্রদানের নিমিত্ত ইউজিসি কর্তৃপক্ষ ৪ সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করেছে। এ কমিটি ইতোমধ্যে তদন্ত কার্যক্রম শুরু করেছে। নর্থ সাউথ ইউনিভার্সিটির বিষয়ে শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও স্বার্থবান কোন ব্যক্তি চলমান : পৃষ্ঠা : ২ ক : ৭

## চলমান : পরিস্থিতি

(১৬ পৃষ্ঠার পর)

তদন্ত কমিটির কাছে বক্তব্য প্রদানে ইচ্ছুক হলে তিনি অফিস চলাকালীন বেলা ২টা থেকে ৪টা পর্যন্ত তদন্ত কমিটির আহ্বায়ক প্রফেসর ড. আতফুল হাই শিবলী, সদস্যদের অফিস কক্ষে (৫ম তলা) ইউজিসি ভবন, আগারগাঁও, ঢাকা উপস্থিত হয়ে ব্যক্তিগত শুনানি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ইউজিসি শুনানির বিষয়ে গোপনীয়তা রক্ষা করবে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।